

ফতওয়া নং ৩৭০

প্রশ্ন:

একজন মহিলার মাথায় খুব লম্বা চুল হাঁটুর নিচে এবং তার খুব অসুবিধা হয় সে মহিলা কি অল্প করে কাটতে পারবে ?

উত্তর

স্বাভাবিক অবস্থায় মহিলাদের মাথার চুল কাটা শরীয়াতে নিষিদ্ধ। প্রশ্নোক্ত মহিলার চুল যেহেতু অতিরিক্ত লম্বা হয়ে গিয়েছে, যার কারণে অসুবিধা হচ্ছে, তাই যতটুকু পরিমাণ কাটলে অস্বাভাবিক অসুবিধা থেকে মুক্তি পাবে, ততটুকু পরিমাণ তার চুল কাটার অনুমতি আছে। (কিতাবুনাওয়াযিল ১৫/৫২৪ পৃষ্ঠা দ্রষ্টব্য)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
০৭ যুল কাদাহ, ১৪৪৫ হিজরী (16/05/2024)